হজে গিয়ে ভিক্ষা করার সময় আটক মতিয়ার মেহেরপুরের শীর্ষ সন্ত্রাসী !

এক সময়ের শীর্ষ চরমপন্থি ছিলেন মতিয়ার রহমান। হজে গিয়ে ভিক্ষা করার সময় সৌদী আরবের মদিনাতে পুলিশের হাতে আটক হন মতিয়ার রহমান। মেহেরপুরের গাংনী থানা পুলিশ বলছে, তার বিরুদ্ধে বর্তমানে দুটি মামলা চলমান রয়েছে। সম্প্রতি তিনি গ্রেফতারও হয়েছিলেন।
মতিয়ার রহমান মেহেরপুরের গাংনী উপজেলার সিন্দুরকৌটা গ্রামের ঘাটপাড়া এলাকার হারুন অর রশিদের ছোট ছেলে। মতিয়ার রহমানের ছেলে হুসাইন ক্লাস নাইনের ছাত্র, বড় মেয়ে তামান্না অষ্টম শ্রেণী, মেজ মেয়ে রাবিয়া খাতুন ৪র্থ শ্রেনী ও ছোট মেয়ে লামিয়া শিশু শ্রেনীর ছাত্রী।

স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় ২০ বছর আগে গাংনী উপজেলার জোড়পুকুরিয়া-চেংগাড়ার মাঝে চোখতোলা নামক মাঠের মধ্যে বোমা বানাতে গিয়ে দুটি হাতের কব্জী উড়ে যায় তার। পরে চিকিৎসা নিতে গেলে পুলিশের সহযোগীতায় ডাক্তার দুটি হাত কেটে ফেলেন। বিভিন্ন মামলায় সে বেশ কিছুদিন জেল হাজত খেটেছেন। দীর্ঘদিন মামলা চলার পর মামলা থেকে রেহায় পান তিনি। তারপর থেকেই এই শীর্ষ সন্ত্রাসী মতিয়ার রহমান পথে পথে ঘুরে বেড়িয়েছেন দীর্ঘদিন।

দুবেলা খাবার জোটাতে পারেন নি কখনো। তারপর শুরু হয় মতিয়ারের হজ্ব ব্যবসা। প্রতি বারই হজ্বের সময় হজ্বের নামে সৌদী আরবে যান তিনি। সেখানে গিয়ে সৌদীর পথে পথে ভিক্ষাবৃত্তি করে মোটা অংকের টাকা নিয়ে বাড়ি ফেরেন। এভাবে সে কয়েকবছরে ১০ থেকে ১২ বিঘা জমি চাষের জমি কিনেছেন। সৌদী আরবের মদিনা পুলিশের হাতে আটক হওয়ার পর খবরটি এলাকায় পৌছালে মানুষের মধ্যে চলছে আলোচনা-সমালোচনা। তাকে নিয়ে গ্রামের চায়ের দোকান ও মোড়ে মোড়ে শুরু হয়েছে নানা গল্প।

মতিয়ার রহমানের স্ত্রী মমতাজ খাতুন বলেন, আমার স্বামী হজ্বে যান। হজ্ব করে ফেরার সময় প্রতি বারই মোটা অংকের টাকা নিয়ে আসেন। আমি তো তাকে জিজ্ঞেস করেছি। কিন্তু তেমন কোনো উত্তর দেইনি কখনো। এখন শুনছি সেখানে গিয়ে ভিক্ষাবৃত্তি করে। সবাই বলছে এটা তো আমার

পরিবারের ও ছেলে মেয়েদের কাছে লজ্জার বিষয়।

জানা গেছে, ভিক্ষাবৃত্তি করার সময় গত ২২ জুন মদিনা পুলিশ তাকে আটক করেন। সে সময় মতিয়ার পুলিশকে মিথ্যা বলেছিলেন। তিনি সবাইকে বলছিলেন, তার মানিব্যাগটি ছিনতাই হয়ে গেছে। যে কারনে এই কাজ করছেন। পুলিশের সন্দেহ হলে তাকে আটক করে স্থানীয় থানায় নেন। পরে বিষয়টি জানাজানি হলে বাংলাদেশ হজ মিশনের হস্তক্ষেপে মুচলেকা নিয়ে ওই ব্যক্তিকে ছাড়িয়ে নেন।
কাউন্সিলর (হজ¦) জহুরুল ইসলাম বিভিন্ন গণমাধ্যমকে জানান, মতিয়ার ধানসিঁড়ি ট্র্যাভেল এজেন্সির সার্ভিসের মাধ্যমে হজ করতে সৌদি গিয়েছিলেন। তবে বিভিন্ন পত্রিকার বরাতে জানা গেছে, মতিয়ার সৌদিতে কোনো হোটেল বুক করেননি। তাকে গাইড করার মতো কোনো মোয়াজ্জেমও ছিল না।

স্থানীয় মটমুড়া ইউনিয়নের ইউপি সদস্য ফারুক হোসেন জানান, প্রতি বছরই মতিয়ার রহমান হজ্বে যান। তার হজ্বে যাওয়া নিয়ে গ্রামের মানুষের মাঝে রয়েছে মিশ্র প্রতিক্রিয়া। এলাকার মাত্র দু একজন হজ্বে গেলেও মতিয়ার রহমান যান প্রতিবারই। এ পর্যন্ত তিনি চার বার হজে¦ গিয়েছেন। কিন্তু কেউ জানতো না সে হজ্বের নামে ভিক্ষা বৃত্তি করেন। তার আটক হওয়ার পর খবর ছড়িয়ে পড়ে গ্রামে।

মতিয়ার রহমান বড় ভাই আতিয়ার রহমান বলেন, মতিয়ার আমার ছোট ভাই। সে এবার দিয়ে ৪ বার হজ্বে গেছে।ওখানে গিয়ে সে কি করে এটা আমরা পরিবারের লোক কিভাবে বলবো। সে আটক হওয়ার পর খবর পেয়েছি আমরা। সবাই এখন সমালোচনা করছে এটা তো আমাদের খারাপ লাগবেই। তবে, যেহেতু সেখান থেকে ছাড়া পেয়েছে নিশ্চয় বাড়ি ফিরে আসবে। তখন বলা যাবে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক জানান, মতিয়ার রহমানের বিরুদ্ধে বিশেষ ক্ষমতা আইনে, মারামরি ও হাঙ্গামার অভিযোগে থানায় দুটি মামলা রয়েছে। গাংনী থানায় বিশেষ ক্ষমতা আইনের মামলা নং ৭, তারিখ ১১/০৭/২০১১ ইং ও মারামরির অভিযোগে মামলা নং ১৬, তারিখ ১২/০৪/২০১০ ইং। সাম্প্রতিক সময়ে গ্রেফতারও হয়েছিলেন এই মতিয়ার।

মেহেরপুরে ২০ পিচ ইয়াবাসহ একজন আটক

২০ পিস ইয়াবাসহ মামুন হোসেন (৪০) নামের একজনকে আটক করেছে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি ইউনিট। মামুন হোসেন সদর উপজেলার আমঝুপি গ্রামের কোনু’র ছেলে।

মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আব্দুল মান্নানের নেতৃত্বে রবিবার দিবাগত রাতে তার বাড়িতে অভিযান চালিয়ে ২০ পিচ ইয়াবাসহ আটক করেন। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় একটি মামলা হয়েছে।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৪ জন গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্তসহ নিয়মিত মামলার ৪ আসামীক গ্রেফতার করেছে।

আটকৃতদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলায় ১ ও নিয়মিত মামলায় ২ জনসহ ৩ জনকে ও গাংনী থানা পুলিশ নিয়মিত মামলার ১ আসামী গ্রেফতার করেছে।

রবিবার (২৬ জুন) দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ সোমবার (২৭ জুন)ভোররাত পর্যন্ত সদর ও গাংনী থানার পৃথক স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করেন।

সদর থানার ওসি জুলফিকার আলী ও গাংনী থানার ওসি আব্দুরর রাজ্জাক গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছেন।

আজ সোমবার সকালের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে বলে সূত্র নিশ্চিত করেছেন।

গাংনীতে পাওনা টাকা চাইতে গিয়ে হামলায় আহত

দুই বছর পূর্বের গরু বিক্রির পাওনা টাকা চাইতে গিয়ে দেনাদরদের হামলায় আহত হয়েছেন দলিল হোসেন (৫০) নামে এক ব্যাক্তি। আহত দলিল হোসেন গাংনী উপজেলার মাইলমারি গ্রামের ছেলে। রবিবার রাত ৮ টার দিকে এ ঘটনা ঘটে।

আহত দলিল জানান, ২ বছর পূর্বে একই গ্রামের নহর আলীর ছেলে শাহিনের কাছে একটি গরু বিক্রি করি। হরুর বিক্রির কিছু টাকা তার কাছে পাওনা আছে। পাওনা টাকা নিয়ে সে আমাকে ঘুরিয়ে নিয়ে বেড়াচ্ছে। রবিবার রাতে তার কাছে টাকা চাইতে গেলে তার সাথে বাকবিতণ্ডা হয়।

পাওনা থাকায় সে টাকা চাইতেই বাকবিতন্ডা হয়। পরে শাহিন আলী ফোনে তার বাবাকে ডাকলে বাবা নহর আলী ও তার ভাস্তে মোহন আলী ও বিপ্লব হোসেনকে সাথে করে আমার বাড়িতে হামলা করে। এক পর্যায়ে লাঠিসোঁটা নিয়ে আমার উপর হামলা চালায়। উপর্যুপরি কিল-ঘুষিসহ লাঠির আঘাতে মারাত্মক ভাবে আহত হন দলিল হোসেন।

স্থানীয়রা দলিল হোসেন কে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার মুখের সামনের ঠোটে ১৪ টি সেলাইসহ শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন রয়েছে বলে জানান চিকিৎসক।

মুজিবনগরের বল্লভপুরে খ্রিস্টান সম্প্রদায়ের দুই দিনব্যাপী নাম সংকীর্তন অনুষ্ঠানের শুরু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বল্লভপুর গ্রামে শুরু হয়েছে খ্রিস্টান সম্প্রদায়ের দুইদিনব্যাপী নাম সংকীর্তন অনুষ্ঠান।

বল্লভপুর ঘাটপাড়ার আয়োজনে, হিমেল সরকারের বাড়িতে রবিবার রাত্রি ৮টার সময় দুই দিনব্যাপী এই নাম সংকীর্তন অনুষ্ঠান শুরু হয়।

খ্রিস্টীয় ধর্ম গুরুরা বলেন, ১৯৮৯ সালে খ্রিস্টান সম্প্রদায়ের মাঝে এই নাম সংকীর্তন অনুষ্ঠান প্রথম শুরু হয়। সে সময় মাঠে ফসলের সেচ দেওয়ার জন্য সেচ যন্ত্র ছিল না বললেই চলে এলাকার অনেক বাড়িতে ছিলনা টিউবঅয়েল বৃষ্টির পানির উপরে সবকিছু নির্ভর করত।

সে সময় খরা দেখা দিলে এবং খরা মৌসুমে বৃষ্টি, রোগ মুক্তি, দেশের শান্তি স্থাপনের জন্য ক্রিস্টিয়ান সম্প্রদায় জনগণ প্রভু যীশুর কাছে প্রার্থনা ও কীর্তন গানের অনুষ্ঠানের আয়োজন করতো সেই থেকেই এই প্রথা চলে আসছে।

এবারের নাম সংকীর্তনে প্রভুযীশুর জয়গান এবং দেশের বন্যার্ত,খরাপীড়িত, রোগাক্রান্ত, ক্ষুধার্ত মানুষের মুক্তির জন্য প্রভু যীশুর কাছে প্রার্থনা এবং স্বপ্নের পদ্মা সেতু উদ্বোধনের জন্য পদ্মা কন্যা প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার মঙ্গল কামনায় ঈশ্বর প্রভু যীশুর কাছে পার্থনা করাই মূল লক্ষ্য।

দুই দিনব্যাপী এই নাম সংকীর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করছেন, রেভা: মৃত্যুঞ্জয় মন্ডল প্রধান অতিথি হিসেবে আছেন রেভা: বাবুল বৈরাগী, বিশেষ অতিথি রেভা: উজ্জল মন্ডল, রেভা: এলডি কীর্তনীয়া, রেভা: ভিন্সেন্ট মন্ডল, ব্রাদার রুথুজন সরদার ব্রাদার বিনেশ টিগ্গা, ব্রাদার ইস্রায়েল মানখিন, ইউপি সদস্য বাবুল মল্লিক, সম্পাদক রিন্টু সরকার।

দুইদিন ব্যাপী নাম সংকীর্তনে বল্লভপুর, রতনপুর, কার্পাসডাঙ্গা, ভবেরপাড়া, আনন্দবাস, নাজিরাকোনা, নিত্যানন্দপুর সহ বিভিন্ন গ্রামের খ্রিস্টীয় ভক্তগণ উপস্থিত হয়েছেন।

গাংনীর ভাটপাড়া আবাসন থেকে নারী মাদক ব্যবসায়ী আটক

গাংনী উপজেলার ভাটপাড়া আাবাসন থেকে ১ কেজি গাঁজাসহ সাহিদা খাতুন
(২৮) নামের এক নারী মাদক ব্যবসায়ীকে আটক করেছে গাংনী থানা পুলিশের একটি টীম।

আটককৃত নারী মাদক ব্যবসায়ী আবাসনের চিহ্নিত মাদক সম্রাট ইমাদুল হকের স্ত্রী। রবিবার সন্ধ্যা ৭ টার দিকে তাকে আটক করা হয়।

অভিযান পরিচলনায় নেতৃত্বদানকারী গাংনী থানা পুলিশের এসআই আব্দুর রাজ্জাক জানান, ভাটপাড়া ডিসি ইকোপার্ক সংলগ্ন আবাসনের মধ্যে ইমাদুল হকের বাড়িতে মাদক কেনা বেচা চলছে এমন সংবাদ পেয়ে পুলিশের একটি সেখানে উপস্থিত হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে অন্যরা পলিয়ে যায়। আটক করা হয় ইমাদুল হকের স্ত্রী সাহিদা খাতুনকে। তার ঘর তল্লাশী করে ঘরের আড়াই রাখা একটি ব্যগ থেকে এক কেজি গাঁজা উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানায়, ১কেজি গাজাসহ নারী মাদক ব্যবসায়ী কে আটক করা হয়েছে। ওই নারীর স্বামী ইমাদুল কে মাদক সহ একাধিকবার আটক করে আদালতে সোপর্দ করা হলে একাধিক মাদক মামলা রয়েছে। জামিনে এসে পুনরায় মাদক ব্যবসা করে ইমাদুল। তার স্ত্রী ও মাদক ব্যবসায়ী। তাকেও মামলা সহ আদালত প্রেরণ করা হবে।

মেহেরপুরে যৌন উদ্দিপক ট্যাবলেট ও সরকারি ওষধসহ ফার্মেসী মালিক আটক

মেহেরপুর শহরের কাথুলি মোড়ের ইশান ইমন ফার্মেসীতে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ অভিযান চালিয়ে বিনামুল্যে বিতরণ করার জন্য সরকারি বিভিন্ন এন্টিবায়োটিক ওষধ, ভারতীয় ট্যাপেন্ডাডল, যৌন উদ্দিপক ট্যাবলেট নিশিদ্ধ ভায়াগ্রাসহ ফার্মেসীর মালিক বাবর আলীকে আটক করেছে।
আটক বাবর আলী মেহেরপুর শহরের ৫ নং ওয়ার্ড ক্যাশবপাড়া এলাকার মৃতু শফিউল ইসলামের ছেলে।
আজ রবিবার (২৬ জুন) সন্ধ্যার দিকে ডিবি পুলিশের ওসি সাইফুল ইসলামের নেতৃত্বে উপপরিদর্শক (এসআই) অজয় কুমার কুন্ডু, এসআই মেজবাহ উদ্দীন ও সঙ্গীয়ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে এসব বে আইনি ওষধ জব্দ করেন।

ওষধের মধ্যে রয়েছে, ভারতীয় নিশিদ্ধ ট্যাপেন্ডা ট্যাবলেট ৩৬ পিচ , ৭৫০ পিচ সেক্সের ভায়াগ্রা ট্যাবলেট, ১৯৪ পিচ জন্ম বিরতিকরণ সস্তি ইনজেকশন, ড্রাগ এসেনশিয়াল কোম্পানীর বিনামুল্যে বিতরণের সরকারী ওষধ এন্টিবায়োটিক গ্রুপের সেফিকজিম ট্যাবলেট ২০০ পিচ, সেপ্রোডিন ৫০০ পিচ, এ্যাজিথ্রোমাইসিন ১০০ পিচ, সিপ্রোকসিন ৩০০ পিচ উদ্ধার করা হয়েছে।
ডিবি পুলিশের ওসি সাইফুল ইসলাম জানান, গোপন সংবাদ পেয়ে ওই দোকানটিতে অভিযান চালানো হয়। ভারত সরকারের ব্যান্ডকৃত এসব যৌন উদ্দিপক ওষধ, জন্মবিরতিকরণ ইনজেকশন ও বাংলাদেশ সরকারের বিনামুল্যে বিতরণকৃত ওষধ কালোবাজারির মাধ্যমে নিয়ে এসে অসাধু পন্থায় বিক্রি করছিলেন ফার্মেসীর মালিক বাবর আলী।
এসব ওষধ ও মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় কালোবাজারির ঘটনায় বিশেষ হ্মমতা আইনে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ও দ:বিধি আইনে পৃথক পথক মামলা দায়েরের করা হবে।
পরে জেলার অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, সদর থানার ভারপ্রাপ্ত ওসি জুলফিকার আলী ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

[redacted]

[redacted]

টুর্নামেন্ট শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ চ্যাম্পিয়ন ও রানার্সআপ দলের মাঝে ট্রফি তুলে দেন এবং টুর্নামেন্টের খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।

খেলা অনুষ্ঠানের সার্বিক সঞ্চালনায় ছিলেন প্রধান শিক্ষক শিরিনা খাতুন, বখতিয়ার হোসেন ও সহকারী শিক্ষক ফারুক হোসেন।

শৈলকুপার উপজেলা চেয়ারম্যান পদে নৌকার মাঝি হলেন হাকিম

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা চেয়ারম্যান পদের উপ-নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক এম হাকিম আহমেদ।

রোববার বিকালে দলের মনোনয়ন বোর্ড এ সিদ্ধান্ত নেয় বলে দলীয় সূত্রে জানা যায়। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান বিষয়টি নিশ্চিত করেছেন।

১৯৮০ সাল থেকে বাংলাদেশ ছাত্রলীগ শৈলকুপা উপজেলা শাখা থেকে এম হাকিম আহমেদের রাজনীতির হাতেখড়ি। পরবর্তিতে ঢাকা বিশ^বিদ্যালয় শাখার সদস্য নির্বাচিত হন।

বর্তমান তিনি ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদকের পদে অধিষ্ঠিত। উল্লেখ্য গত ১৫ মে উপজেলা পরিষদের চেয়ারম্যান শিকদার শেফালি বেগম মৃত্যুবরণ করলে আসনটি শুন্য ঘোষনা করে নির্বাচন কমিশন।

ঘোষিত তপশিল অনুযায়ী আগামী ৩১ জুলাই শৈলকুপা উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হবে। মনোনয়নের খবর পেয়ে এম হাকিম আহমেদের জন্মস্থান ৯ নং মনোহরপু ইউনিয়নসহ উপজেলার বিভিন্ন হাট-বাজারে মিস্টি বিতরনের খবর পাওয়া গেছে।

[redacted]

[redacted]

করে জেল হাজতে প্রেরণ করে।

মামলাটি দীর্ঘ তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন এসআই জিল্লুর রহমান। মামলাটিতে স্বাক্ষ্য প্রমাণ শেষে বিজ্ঞ আদালতের বিচারক রবিবার এ রায় ঘোষণা করেন।

রায়ে উল্লেখ করা হয়, আসামীর বিরুদ্ধে দ:বি: ৩০২ ধারায় বর্ণিত অপরাধের অভিযোগ আনা হলেও ঘটনা পর্যালোচনা ও পারিপার্শ্বিক বিবেচনায় তিনি মুলত দ:বি: ৩০৪ ধারায় বর্ণিত অপরাধ করেছেন।

কারন, দ: বি: ৩০০ ধারায় ব্যাতিক্রম -১ এ উল্লেখ আছে যে, অপরাধী গুরুতর ও আকস্মিক উত্তেজনার ফলে আত্মনিয়ন্ত্রণ ও হ্মমতারোহিত মৃত্যু ঘটালে দন্ডনিয় নরহত্যা খুন বলে গন্য হবেনা।

তাই সার্বিক বিবেচনায় আসামীকে দ: বি: ৩০৪ ধারায় বিধান মোতাবেক দোষী সাব্যস্ত করে ৫ বছর সশ্রম কারাদন্ড ও ১০ হাজার টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ৬ মাসের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করেন।

সরকারী পক্ষে অতিরিক্ত পিপি কাজী শহিদুল হক ও আসামী পক্ষে অ্যাডভোকেট মারুফ আহম্মেদ বিজন কৌশলী ছিলেন।

উল্লেখ্য, নিহত হাসিবুল ইসলাম দন্ডিত কালুর স্ত্রীকে ঘরে একা পেয়ে ধর্ষণ করে। এ ঘটনার নিজে হাতে প্রতিশোধ নিতেই কালু শাস্তি স্বরুপ হাসিবুল কে জনসম্মুখে কুপিয়ে হত্যা করে।